


কালের কণ্ঠ

আপডেট : ১৩ মে, ২০১৮ ২৩:৪২

একাদশ শ্রেণিতে ভর্তি আবেদন শুরু

পাঁচ ঘণ্টায় ৪৮ হাজার আবেদন

 একাদশ শ্ৰেণিতে ভৰ্তি আবেদন শুৱ

একাদশ শ্রেণিতে ভর্তি আবেদন গতকাল রবিবার বেলা ২টা থেকে শুরু হয়েছে। চলবে আগামী ২৪ মে পর্যন্ত। প্রথম পাঁচ ঘণ্টায় অনলাইন ও এসএমএসের মাধ্যমে ৪৭ হাজার ৮৭০টি আবেদন জমা পড়েছে। মোট ৩১ হাজার ২৫৯ জন ভর্তীস্খু এই আবেদন করেছেন বলে ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে।

এর আগে গতকাল দুপুর ১২টায় ঢাকা শিক্ষা বোর্ডে ভর্তি কার্যক্রম উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কলেজ) ড. মোল্লা জালাল উদ্দিন। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক এ কে এম ছায়েফ উল্লাহ, ঢাকা শিক্ষা বোর্ডের সচিব শাহেদুল খবির চৌধুরী প্রমুখ। একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা-২০১৮ অনুযায়ী, আটটি সাধারণ বোর্ড, মাদরাসা ও কারিগরি বোর্ড থেকে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে মাধ্যমিক উত্তীর্ণরা একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। আর উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে উত্তীর্ণরা আবেদন করতে পারবে।

[Print](#)

সম্পাদক : ইমদাতুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com